



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান - ০২ শাখা
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০৪৪.১৬.১০৭.২০১৯-২২৭

তারিখ: ১৫ মার্চ ২০২৩ খ্রি.

বিষয়ঃ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সত্যায়ন বা মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত কর্মী বিদেশে প্রেরণ না করার নির্দেশনা সাময়িক স্থগিত করণ প্রসংক্ষে।

সূত্রঃ বায়রার স্মারক নং-বায়রা/প্রবাসী কল্যাণ/৩০/২০২৩/২৬৬; তারিখ: ১৩ মার্চ ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিরাপদ ও গতিশীল অভিবাসনের স্বার্থে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা ২০১৭ এর বিধি ৬ এর উপ-বিধি (১) ও (২) অনুযায়ী অভিবাসী কর্মীর সংখ্যা যাই হোক না কেন বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সত্যায়ন ব্যতীত এবং সত্যায়ন না থাকলে মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত বিএমইটি কর্তৃক কোন চাহিদাপত্র প্রক্রিয়াকরণ না করার জন্য বিগত ০৬ মার্চ ২০২৩ তারিখের ৪৯.০০.০০০০.০৪৪.১৮.১৮৮.২০২৩-১৯৬ সংখ্যক স্মারকমূলে বিএমইটিকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আসন্ন পবিত্র রমজান মাসের কথা মাথায় রেখে উক্ত নির্দেশনাটি সাময়িক স্থগিত রাখার জন্য বায়রা কর্তৃক অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, বায়রার লিখিত অনুরোধে আসন্ন পবিত্র রমজান মাসের প্রেক্ষিতে অভিবাসন কার্যক্রম প্রবাহ সচল রাখার লক্ষ্যে ৩০ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত উক্ত স্মারকের নির্দেশনাটি স্থগিত রাখা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৪১০৩০২৫২

ই-মেইল: sasemployment2@probashi.gov.bd


বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)

বায়রা ভরন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২৩/২৯৮

তারিখঃ ১৫/০৩/২০২৩

সদয় অবগতি ও সানুগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।



আরু বকর আরু
সচিব, বায়রা।

বিতরণ- সদয় কার্যার্থেঃ সম্মানিত সদস্য (সকল)

বায়রা (বায়রা নোটিশ বোর্ড, ই-মেইল, ওয়েবসাইট, হোয়াটসঅ্যাপ গ্রুপযোগে প্রেরিত)।

- সদয় জ্ঞাতার্থেঃ
- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ২। জনাব শিমুল কুমার সাহা, সিনিয়র সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ৩। সম্মানিত সভাপতি, বায়রা, বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
 - ৪। সম্মানিত মহাসচিব, বায়রা, বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।